



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ ফিল্ম আর্কাইভ

তথ্য মন্ত্রণালয়

এফ-০৫, আগারগাঁও প্রশাসনিক এলাকা

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

ফোন: ৯১১১৭৭২, ৫৮১৫৭৯৮৪, ফ্যাক্স: ৫৮১৫৭৯৮৩

website: www.bfa.gov.bd, e-mail: bfarchivebd@gmail.com



নং-১৫.৫৮.০০০০.১০৬.২৯.০১১.২০/ ৩ ৩১

তারিখ: ১৪.০৩.২০২০



গবেষণা প্রস্তাব আহ্বান

চলচ্চিত্র সংগ্রহ ও সংরক্ষণ; ৩৫ মি.মি., ১৬ মি.মি. ও ডিজিটাল পদ্ধতিতে চলচ্চিত্রের দীর্ঘ মেয়াদী সংরক্ষণ; আন্তর্জাতিক অঙ্গনে চলচ্চিত্রের বিদ্যমান সংরক্ষণ কৌশল; চলচ্চিত্র সংস্কৃতির বিকাশ; চলচ্চিত্রে জাতীয় ইতিহাস ও ঐতিহ্য; বাংলাদেশের চলচ্চিত্র শিল্পের সমস্যা ও সম্ভাবনা; চলচ্চিত্রে সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক প্রেক্ষাপট; দেশীয় চলচ্চিত্রের কারিগরি ও নন্দনতাত্ত্বিক বিশ্লেষণ; চলচ্চিত্র ও চলচ্চিত্র শিল্পের নানা দিক বিশ্লেষণ এবং চলচ্চিত্র সংশ্লিষ্টদের জীবন ও কর্ম ইত্যাদি বিষয়ে ২০২০-২১ অর্থবছরে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের গবেষণা ফেলো নির্বাচনের জন্য আত্মহী ব্যক্তিদের নিকট থেকে গবেষণা প্রস্তাব আহ্বান করা যাচ্ছে।

আত্মহী ব্যক্তিদের শিক্ষাগত যোগ্যতা, গবেষণা কাজের অভিজ্ঞতা, ঠিকানা, ইমেইল ও টেলিফোন নম্বর উল্লেখপূর্বক ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ সংক্ষিপ্ত জীবন বৃত্তান্ত এবং অনধিক ১০০০ (এক হাজার) শব্দের গবেষণা ধারণাপত্র (১০ কপি) সহ আবেদনপত্র আগামী ১০ জুন ২০২০ তারিখের মধ্যে মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, এফ-০৫, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবর সিলগালাযুক্ত খামে ডাকযোগে বা সরাসরি প্রেরণ করতে হবে। খামের উপর অবশ্যই গবেষণার বিষয়বস্তু উল্লেখ করতে হবে।

ইতোপূর্বে বাংলাদেশ ফিল্ম আর্কাইভ কর্তৃক সম্পাদিত গবেষণাকর্মগুলো বাদ দিয়ে গবেষণা প্রস্তাব করতে হবে। এ পর্যন্ত সম্পাদিত গবেষণাকর্মের তালিকা বাংলাদেশ ফিল্ম আর্কাইভের ওয়েবসাইট (www.bfa.gov.bd) এ পাওয়া যাবে।

প্রাপ্ত প্রস্তাবসমূহ Public Procurement Regulations (PPR)- 2008 অনুসারে মূল্যায়ন করে নির্বাচিত গবেষককে গবেষণার সুযোগ দেয়া হবে। প্রতিটি গবেষণার জন্য বিধি মোতাবেক ৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) টাকা মাত্র সম্মানী প্রদান করা হবে। উল্লিখিত বিষয়ে কোন তথ্য জানার প্রয়োজন হলে অফিস চলাকালীন সময়ে ফোন- ০২-৫৮১৫৭৯৮৪ ও ০১৭২২-৯১৫০০৭ নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

কর্তৃপক্ষ যে কোন প্রস্তাব গ্রহণ ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

আবুল কালাম মোহাম্মদ শামসুদ্দিন

পরিচালক

ফোন : ৫৮১৫৭৯৮৪